

# বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়ার নির্বাচন ২০১৩ অনুষ্ঠিত

নিজস্ব সংবাদ দাতা: গত রোববার ১৫ই জুন ২০১৩ তারিখে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়া কমান্ড ইউনিটের বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে ইউনিট কমান্ডার পদে জনাব এ এইচ এম হেলালউদ্দিন এবং ডেপুটি কমান্ডার পদ দুটিতে সর্ব-জনাব কায়সার আহমেদ ও ওয়ালিউর রহমানকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হয়।

এ ছাড়াও অস্ট্রেলিয়া ইউনিট কমান্ড কাউন্সিলের অন্যান্য পদে আরো যারা নির্বাচিত হয়েছেন বলে ঘোষণা করা হয়েছে তারা হলেন সহকারী কমান্ডার (সাংগঠনিক) পদে জনাব রবিন বনিক, সহকারী কমান্ডার (অর্থ) পদে জনাব নাসিম সামাদ, সহকারী কমান্ডার (দপ্তর) পদে জনাব মুহাম্মদ উসমান গনি, সহকারী কমান্ডার (প্রকল্প ও সমবায়) পদে জনাব জিল্লুর রশিদ ভূঁইয়া, সহকারী কমান্ডার (যুদ্ধাহত ও পুনর্বাসন) পদে জনাব গাজী কামরুল হোছাইন নিলু, সহকারী কমান্ডার (শ্রম ও জনশক্তি) পদে জনাব হারুন উর রশিদ খান, সহকারী কমান্ডার (শিক্ষা ও পাঠাগার) পদে জনাব সাকী মো: জাকিউল আলম, সহকারী কমান্ডার (সাহিত্য ও সংস্কৃতি) পদে আলতাফ হোসেন লাল্টু ও সহকারী কমান্ডার (ত্রাণ ও সমাজকল্যাণ) পদে ইমামুল হক এবং কাউন্সিল সদস্য পদে সর্ব-জনাব গামা আব্দুল কাদির ও খন্দকার জুলফিকার হায়দার (ববি)।

সন্ধ্যা ৬ ঘটিকার সময় সংগঠনের আহ্বায়ক জনাব এ এইচ এম হেলালউদ্দিনের সভাপতিত্বে সংগঠনের প্রথম বার্ষিক সাধারণ সভা শুরু হলে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সংগঠনের আহ্বায়ক কমিটির সদস্য-সচিব জনাব ওয়ালিউর রহমান টুনু বার্ষিক রিপোর্ট পেশ করেন এবং উপস্থিত সবাই বার্ষিক রিপোর্ট এর উপর আলোচনা করেন এবং রিপোর্টটি অনুমোদন করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন সর্ব-জনাব গামা আব্দুল কাদির, জনাব নাসিম সামাদ, জনাব রবিন বনিক, জনাব গাজী কামরুল হোছাইন নিলু ও জনাব জিল্লুর রশিদ ভূঁইয়া। এছাড়াও সভাপতির আহ্বানে অতিথি বক্তা হিসেবে শুভেচ্ছা বক্তব্য রাখেন অস্ট্রেলিয়া আওয়ামী লীগের সভাপতি ব্যরিস্টার সিরাজুল হক ও জনাব মোঃ আলী শিকদার। সংগঠনের যুগ্ম আহ্বায়ক জনাব উপস্থিত সকল সদস্য ও অতিথিদের ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য রাখেন এবং অতঃপর সভাপতি সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করলে নির্বাচনী কর্মকাণ্ড পরিচালিত হয়। নির্বাচনী কর্মকাণ্ড শেষে ফলাফল ঘোষণা হলে অতিথি ও সদস্যদের নৈশ ভোজে আপ্যায়ন করা হয়।

নির্বাচনী ফলাফল ঘোষণার পর পর যোগাযোগ করা হলে নবনির্বাচিত অস্ট্রেলিয়া ইউনিট কমান্ডার জনাব এ এইচ এম হেলালউদ্দিন জানান মুক্তিযোদ্ধা সংসদ একটি অরাজনৈতিক সংগঠন যাকিনা জাতির পিতা বঙ্গবন্ধুর নির্দেশে প্রতিষ্ঠিত হয়েছে অতএব তারই আদর্শে যে কোন মূল্যে তিনি সকল দলাদলি উর্ধ্ব রেখে সংগঠনটিকে শক্তিশালী করে তুলবেন।